# য়িত্বশীলভাবে আফ্রিকান ও ইউরেশিয়ান বানর গোত্রীয় প্রাণী পর্যবেক্ষনের জন্য নির্দেশনা

A publication of The IUCN SSC Primate Specialist Group Section on Human-Primate Interactions

Laëtitia Maréchal[1], Siân Waters[2], Amani Kitegile[3], Kefeng Niu[4], Andie Ang[5] and Janette Wallis[6]

*IUCN SSC Primate Specialist Group Section on Human-Primate Interactions &*

*[1] University of Lincoln, School of Psychology, UK*
*[2] Barbary Macaque Awareness & Conservation, UK & Morocco*
*[3] Sokoine University of Agriculture, Department of Wildlife Management, Morogoro, & Animal Behaviour Research Unit, Mikumi National Park, Tanzania*
*[4] Moutai Institute, Luban Avenue, Renhuai City 564507, Guizhou Province, China*
*[5] Primate Watching Online Resource, www.primatewatching.com, Mandai Nature, Singapore*
*[6] Kasokwa-Kityedo Forest Project, Uganda*

*Translation by:* ***Marjan Maria***
*Translation edited by:* ***Hassan Al-Razi***

## ভূমিকা

এই প্রস্তাবনাবলি আফ্রিকা, এশিয়া এবং ইউরোপ (জিব্রাল্টার) জুড়ে প্রাইমেট পর্যটনের ক্ষেত্রে প্রযোজ্য । যে বানরগুলি মাটি এবং গাছে প্রচুর সময় ব্যয় করে তাদের কিভাবে দেখতে হবে সে বিষয়ে এখানে পরামর্শ দেয়া হয়েছে।

আফ্রিকান এবং এশীয় জাতীয় উদ্যানগুলিতে সুশৃঙ্খল ভাবে বানর গোত্রীয় প্রাণী-পর্যবেক্ষনের সুযোগ থাকলেও, সংরক্ষিত অঞ্চলে ভিতরে এবং বাইরে হঠাৎ করে আপনি বানরদের মুখোমুখি হতে পারেন। এশিয়ার শহরাঞ্চলে এবং মন্দিরের আশেপাশে অনেক বানর দেখা যায়। অপরিকল্পিত, অনিয়ন্ত্রিত বানর গোত্রীয় প্রাণী দেখার ক্ষেত্রে নির্দেশনা গুলো এখানে উল্লেখ করা হয়েছে।

নীচে আফ্রিকা এবং এশিয়ায় পরিকল্পিত এবং অপরিকল্পিত ভাবে বানর দেখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

## বানর দেখার জন্য প্রস্তাবনাবলি

### ভ্রমণের আগে

- ট্যুর অপারেটর/ট্যুর গাইড বাছাই করার ক্ষেত্রে, তারা এই নথিতে তালিকাভুক্ত সুপারিশগুলি সম্পর্কে সচেতন কিনা এবং সব বিষয়ে ভালোভাবে জানে কিনা তা যাচাই করে নিন ।

- আপনার কাছ থেকে স্থানীয় লোকে বা বানর গোত্রীয় প্রাণীদের কাছে ছড়িয়ে পড়তে পারে এমন সংক্রমক রোগগুলির টিকা এবং পরীক্ষা সম্পর্কে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন ।
- COVID-19 মহামারীর মতো রোগের প্রাদুর্ভাবের সময় প্রাইমেট পর্যটন স্থানগুলি পরিদর্শন থেকে বিরত থাকুন (এই সময়ের মধ্যে দূর থেকে পর্যটন স্থানগুলিকে সমর্থন করার কথা বিবেচনায় রাখুন)।
- বিশেষ করে যাতে সংক্রমণ রোগের সংস্পর্শ বা সংক্রমণ এড়ানো যায় তাই বানর গোত্রীয় প্রাণী দেখতে যাবার আগের দিনগুলিতে ব্যক্তিগত স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন হোন। উদাহরণস্বরূপঃ নিয়মিত হাত ধোয়া, শারীরিক দূরত্ব বজায় রাখা, এবং জনাকীর্ণ স্থানে মাস্ক পরিধান করা ইত্যাদি।
- যদি আপনি অসুস্থ বোধ করেন বা অসুস্থতার কোনো লক্ষন দেখা দেয় তাহলে রোগ সংক্রমণের ঝুঁকি কমাতে বানর গোত্রীয় প্রাণীদের কাছে যাবেন না।
- মাস্ক এবং হ্যান্ড স্যানিটাইজার সঙ্গে রাখুন; রোগ সংক্রমণ সীমিত করার জন্য পরিষ্কার পোশাক পরিধান করুন। আপনার পর্যবেক্ষণ শুরুর আগে আপনাকে আপনার হাত এবং জুতার তলা ধোয়া/স্যানিটাইজ করার প্রযোজন হতে পারে।
- দূর থেকে বানর দেখার জন্য এক জোড়া দূরবীন আনুন/সঙ্গে রাখুন।

## আপনার পরিদর্শনের সময়/বানরের আবাসস্থলে প্রবেশ করার সময়

- যদি বনের ভিতরে ট্রেইল থাকে তাহলে ট্রেইলের মাঝেই থাকুন।
- বানর থেকে কমপক্ষে ৭ মিটার (২৩ ফুট) দূরে থাকুন। বানর গোত্রীয় প্রাণী আপনার কাছে আসে শান্তভাবে দূরে সরে যান।
- তাদের এবং আপনার নিরাপত্তার জন্য প্রাণী বা তাদের আশেপাশের যেকোনো কিছু স্পর্শ করা এড়িয়ে চলুন।
- সর্বদা মাস্ক পরুন। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, বিশেষ করে যদি কোন ঝুঁকি থাকে তবে আপনার এবং বানরের মধ্যে ন্যূনতম দূরত্ব (৭ মিটার/২৩ ফুট) বজায় রাখুন।

## বানর আক্রমণ /ধকল/আঘাতের ঝুঁকি হ্রাস করার জন্য আপনার করণীয়

- বানর গোত্রীয় প্রাণীদের সাথে সরাসরি চোখেচোখ রাখবেন না,, হঠাৎ নড়াচড়া করবেন না বা তাদের দিকে ইশারা করবেন না কারণ তারা এই কাজগুলিকে হুমকি হিসাবে দেখতে পারে।

- আপনার পারিপার্শ্বিক অবস্থা সম্পর্কে সচেতন হোন: সবসময় বানর গোত্রীয় প্রাণীদের পালানোর পথ ছেড়ে দিন। তাদের ঘিরে থাকবেন না বা ভিড় করবেন না। প্রাপ্তবয়স্ক বানর এবং তাদের শিশুদের কাছাকাছি যাবেন না।
- কখনই বানর গোত্রীয় প্রাণীদের খেতে দিবেন না। বানরদের খাওয়ানোর জন্য স্থানীয় বিক্রেতাদের কাছ থেকে খাবার কেনা এড়িয়ে চলুন এবং সম্ভব হলে বানর গোত্রীয় প্রাণীদের এলাকায় খাবার ও পানীয় আনা থেকে বিরত থাকুন। সাথে নিলেও খাবার এবং পানীয়গুলি একটি আবদ্ধ ব্যাগে লুকিয়ে রাখুন । আপনি যখন বানরের কাছাকাছি থাকবেন তখন কখনই খাবেন না বা পান করবেন না।
- নিশ্চিত করুন যে ১৪ বছরের কম বয়সী প্রতিটি শিশু একজন প্রাপ্তবয়স্কের সাথে আছে।
- জঙ্গল বা পর্যটন স্থানে কোনো আবর্জনা বা শরীরিক বর্জ্য (মল, মূত্র, সর্দি, কফ) ফেলবেন না।

**আপনি যদি যানবাহনে বা নৌকায় থাকেন**

- রাস্তায় যেসব জায়গায় বানর গোত্রীয় প্রাণী পারাপার হতে পারে সেখানে ধীরে ধীরে (১০ কিমি/ঘন্টা; ৬-৭ মাইল প্রতি ঘণ্টা) গাড়ি চালান।
- বানর গোত্রীয় প্রাণীরা খুব সহজেই হাতের নাগালে পেতে পারে, এমন জায়গায় আপনার জিনিসপত্র অযত্নে রাখবেন না ।
- যানবাহনের দরজায় তালা এবং জানালা সবসময় বন্ধ রাখুন যাতে খাবার খোঁজে থাকা বানরদের থেকে বাঁচতে পারেন ।
- কোন বর্জ্য (ব্যক্তিগত বা অন্য) যেখানে সেখানে ফেলে রাখবেন না।
- যদি নৌকায় থাকেন, নিরাপত্তার জন্য প্রাইমেট দেখার সাথে সাথে ইঞ্জিন বন্ধ করুন।

**বানরের কল্যাণকে সম্মান করুন**

- অঙ্গভঙ্গি করে, কোনকিছু ছুঁড়ে বা আওয়াজ করে (যেমন, আঙ্গুলে তুড়ি দিয়ে, শিস দিয়ে বা চিৎকার করে) বানর গোত্রীয় প্রাণীদের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করা থেকে বিরত থাকুন।
- প্রতিটি বানর গোত্রীয় প্রাণীদের দলের সাথে কাটানো সময়ের পরিমান সীমিত করুন, যাতে তারা আপনার পরিদর্শণের সময় ঘটা ঘটনাবলি থেকে বের হয়ে আসতে পারে। আমরা প্রতিদিন সর্বোচ্চ এক ঘণ্টার পরামর্শ দিই।
- অপর্যাপ্ত স্থানে, বাজে পরিস্থিতিতে বিনোদনের খোরাক হিসাবে বানর গোত্রীয় প্রাণীদের বন্দী রাখা হয় না এমন পর্যটন স্থানগুলিতে ভ্রমন করুন এবং তাদের সমর্থন দিন।

- ছবি তোলার অনুসঙ্গ হিসাবে বানর গোত্রীয় প্রাণীদের ব্যবহার করা হয় এমন কার্যকলাপে অংশগ্রহণ করা থেকে বিরত থাকুন।
- বানর গোত্রীয় প্রাণী প্রদর্শন করা হয় এমন হোটেল, বার এবং অন্যান্য পর্যটন স্থানগুলি এড়িয়ে চলুন ।
- কখনো খারাপ অবস্থায় রাখা হয়েছে এমন বানর দেখলে সেটি কিনবেন না, কারণে এর মাধ্যমে আপনি অবৈধ বন্যপ্রাণী ব্যবসায় সহায়তা করবেন। এমতাবস্থায় স্থানীয় কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করুন এবং/অথবা আপনার ট্যুর গাইড এবং অপারেটরের কাছে অভিযোগ করুন।

**আপনার ভ্রমনের পর**

- স্থানীয় সম্প্রদায়ের লোকজন এবং তাদের সংরক্ষণ প্রচেষ্টাকে সমর্থন করার জন্য আপনি যে সংরক্ষণ/পুনর্বাসন/শিক্ষা কেন্দ্রগুলি পরিদর্শন করেছেন সেগুলিতে আপনার গাইডকে বকশিস দেওয়ার চেষ্টা করুন।
- সামাজিক যোগাযোগ মাধ্যমে আপনার ভ্রমণের সময় তোলা মানুষ এবং প্রাইমেটদের ছবি পোস্ট করার ক্ষেত্রে Best Practice Guidelines অনুসরণ করুন।

---

Maréchal, L., Waters, S., Kitegile, A., Niu, K., Ang, A., Wallis, J. 2023. Recommendations for Responsible African and Eurasian Monkey Watching. In: Waters, S., Hansen, M. F., *et al. Responsible Primate-Watching for Tourists.* IUCN SSC Primate Specialist Group Section on Human-Primate Interactions.